গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
উন্নয়ন-৩ শাখা

পানি সম্পদ মন্ত্রণালয়ের প্রজেক্টসমূহের মনিটরিং সংক্রান্ত অনলাইন প্রজেক্ট ট্রেকিং সিস্টেম বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি	কবির বিন আনোয়ার সচিব
সভার তারিখ	০২ সেপ্টেম্বর২০১৯।
সভার সময়	বিকাল ৩.০০ ঘটিকা।
স্থান	পানি সম্পদ মন্ত্রণালয়ের সভাকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট ক।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং জানান যে, প্রকল্প বাস্তবায়নসহ বিভিন্ন বিষয়ে আধুনিক পদ্ধতি ব্যবহারে পানি সম্পদ মন্ত্রণালয়ের উদ্যোগ ইতিমধ্যে প্রশংসিত হয়েছে। সভাপতির অনুমতিক্রমে পরিচালক, পরিকল্পনা, পরিদপ্তর-২, বাপাউবো প্রকল্পসমূহের মনিটরিং সংক্রান্ত SIMS বিষয়ে সভায় বিস্তারিত তুলে ধরেন। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
(১) প্রকল্পসমূহের মনিটংরিং কার্যক্রম	সভায় আলোচনায় অংশ নিয়ে মহাপরিচালক, বাপাউবো জানান যে, SIMS (Scheme Information Management System) এর মাধ্যমে বাপাউবো কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের অগ্রগতির পূর্ণাঙ্গ প্রতিবেদন অন-লাইনে দেখা সম্ভব। বর্তমানে এটি ব্যবহার উপযোগী করা হয়েছে এবং ডাটা এন্ট্রিকারী সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণের সংক্ষিপ্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে এটি সত্ত্বর চালু করা সম্ভব। উপ-সচিব (উন্নয়ন-৩), পাসম সভায় অবহিত করেন যে, দুই কোটি টাকা ব্যয়ে SIMS তৈরি করা হলেও বাপাউবো কর্তৃক অদ্যাবধি এটি চালু হয়নি। এ বিষয়ে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক তৈরিকৃত Project Tracking System ব্যবহারের বিষয়ে গত ২৯-০৭-২০১৯ তারিখে এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (উন্নয়ন) মহোদয়ের সাথে বিসিসির প্রতিনিধিগণের আলোচনা হয়। বিসিসির প্রতিনিধিগণ জানিয়ে ছিলেন যে, তাদের তৈরিকৃত Software বিনামূল্যে প্রদান করার জন্য প্রস্তুত রয়েছে।	(ক) SIMS চালুকরণের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ সেপ্টেম্বর ২০১৯ এর মধ্যে সম্পন্ন করতে হবে। ভিডিও টিউটরিয়েলটি অতিসত্ত্বর সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করতে হবে। (খ) অক্টোবর ২০১৯ হতে ADP সভার তথ্য শতভাগ SIMS এর মাধ্যমে প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে হবে। (গ) কারিগরি ত্রুটির কারণে SIMS চালু করা সম্ভব না হলে নভেম্বর ২০১৯ হতে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের Project Management Software চালু করতে হবে।	মহাপরিচালক, বাপাউবো/প্রকল্প পরিচালক, বাপাউবো (সকল)/পরিচালক, পরিকল্পনা-২, বাপাউবো।

(২) আইপি ক্যামেরা স্থাপন।	আইপি ক্যামেরা স্থাপন করে প্রকল্পের কাজ সরাসরি তদারকির বিষয়ে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। তিনি জানান যে, এ বিষয়ে গ্রামীণ ফোনের সাথে পৃথক সভা হয়েছে এবং তারা কারিগরি সহায়তা প্রদানে আগ্রহ প্রকাশ করেছেন।	গ্রামীণ ফোনের সহায়তায় ২০টি স্থানে পরীক্ষামূলকভাবে আইপি ক্যামেরা মনিটরিং কার্যক্রম অতিসত্ত্বর চালু করতে হবে। SIMS এর সাথে ক্যামেরাসমূহের লিংক স্থাপন করতে হবে।	মহাপরিচালক, বাপাউবো
(৩) Land & Asset Management	সভায় জানানো হয় যে, SIMS এর মাধ্যমে বাপাউবো এর সকল ভূমির রেকর্ড সংরক্ষণ করা সম্ভব। এছাড়া সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির রেকর্ড সংরক্ষণ করা সম্ভব।	(ক) সিএস ম্যাপ নিয়ে অতিসত্ত্বর ভূমি রেকর্ড হালনাগাদকরণ শুরু করতে হবে। (খ) বাপাউবো এর প্রধান কার্যালয় এবং নির্বাহী প্রকৌশলীগণ সম্পত্তির তালিকা অন্তর্ভুক্ত করার কাজ শুরু করবেন।	মহাপরিচালক, বাপাউবো/নির্বাহী প্রকৌশলী (সকল)/ বাপাউবো।
(৪) আর্কাইভ চালুকরণ।	সভায় জানানো হয় যে, SIMS এর আর্কাইভে বাপাউবো এর স্থাপনাসমূহের ডিজাইন ও সংশ্লিষ্ট তথ্যাদি সংরক্ষণ করা সম্ভব।	(ক) অতিসত্ত্বর তিস্তা ব্যারেজের তথ্যসমূহ আর্কাইভে সংরক্ষণ করতে হবে। (খ) সকল স্থাপনার নক্সা ও সংশ্লিষ্ট তথ্য পর্যায়ক্রমে আর্কাইভে সংরক্ষণ করতে হবে। (গ) গুরুত্বপূর্ণ স্থাপনার তথ্যাদির নিরাপত্তা নিশ্চিত করতে হবে।	মহাপরিচালক, বাপাউবো।
(৫) এটুআই এবং বাপাউবো এর মধ্যে সমঝোতা স্মারক।	SIMS বাস্তবায়নে বিবিধ বিষয়ে কারিগরি সহায়তার ক্ষেত্র চিহ্নিত করে এটুআই এর সাথে MoU করার বিষয়ে সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন।	এটুআই এর সাথে MoU সম্পন্ন করতে হবে।	পরিচালক, পরিকল্পনা, পরিদপ্তর-২, বাপাউবো।
(৬) National Water Portal প্রণয়ন।	সভায় সভাপতি মহোদয় জানান যে, বাপাউবো ছাড়াও মন্ত্রণালয়ের অপরাপর সংস্থাসমূহকে সম্পৃক্ত করে কারিগরি বিষয়ে সংশ্লিষ্ট তথ্যাদি নিয়ে একটি পৃথক ও পূর্ণাঙ্গ National Water Portal তৈরি করা যেতে পারে। পানি সংক্রান্ত জ্ঞান ও মেধা ভিত্তিক কার্যক্রম, উদ্ভাবনী উদ্যোগ, আধুনিক ধারণা, বিশেষজ্ঞগণের মতামত, আন্তর্জাতিক গবেষণা ও কারিগরি বিষয়াদি এতে স্থান পাবে। সভাপতি মহোদয় আরো জানান যে, এটি হবে পানি বিষয়ক একটি উন্মুক্ত ফোরাম, যেখানে সকলেই তথ্য সংগ্রহ ও মতামত প্রদান করতে পারবেন।	ক) পানি সংক্রান্ত জ্ঞান ও মেধাভিত্তিক কার্যক্রম, উদ্ভাবনী উদ্যোগ, আধুনিক ধারণা, বিশেষজ্ঞগণের মতামত, আন্তর্জাতিক গবেষণা ও কারিগরি বিষয়াদি সম্বলিত একটি পৃথক ও পূর্ণাঙ্গ National Water Portal তৈরির উদ্যোগ গ্রহণ করার সিদ্ধান্ত গ্রহীত হয়। খ) মহাপরিচালক, ওয়ারপো। পানি সম্পদ মন্ত্রণালয় এবং এর অধীনস্থ অপরাপর প্রতিষ্ঠানের প্রতিনিধিগণের মতামত গ্রহণ পূর্বক ন্যাশনাল ওয়াটার পোর্টাল এর সম্ভাব্য বিষয়াদি/রূপরেখা প্রণয়ন পূর্বক আগামী এক মাসের মধ্যে উপস্থাপন করবেন।	মহাপরিচালক, ওয়ারপো।

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কবির বিন আনোয়ার
সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩৬.৯৯.০০৯.১৮.৩৬৫

তারিখ: ২ আশ্বিন ১৪২৬
১৭ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১) মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল বা/এ, ঢাকা।
২) অতিরিক্ত সচিব (উন্নয়ন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) অতিরিক্ত সচিব (প্রশাসন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪) যুগ্ম-সচিব (উন্নয়ন-১), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) যুগ্ম-সচিব (প্রশাসন), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬) যুগ্ম-সচিব (উন্নয়ন-২), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭) যুগ্ম-প্রধান, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল বা/এ, ঢাকা।
৯) উপসচিব (উন্নয়ন-১ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০) উপসচিব (উন্নয়ন-২ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১) উপসচিব (উন্নয়ন-৪ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২) উপসচিব (উন্নয়ন-৫ অধিশাখা), পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩) উপ-প্রধান-১, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪) উপ-প্রধান-২, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৫) প্রধান পরিকল্পনা, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল বা/এ, ঢাকা।
১৬) জনাব এ, কে, এম তাহমিদুল ইসলাম, পরিচালক (অ: দা:), পরিকল্পনা পরিদপ্তর-২, আনছার চেম্বার (৮ম তলা) ১৪৯, মতিঝিল বা/এ, ঢাকা।
১৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৮) সিস্টেম এনালিস্ট, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯) জনাব মুসফিকুর রহমান, সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, মতিঝিল বা/এ, ঢাকা।
২০) প্রোগ্রামার, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণী ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)।

এ এইচ এম আনোয়ার পাশা
উপসচিব